

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা



জরুরী

স্মারক নং-৩৭.০২.০০০০.১১৬.৩৫.০১০.১৬/ ২৮৬

তারিখ: ২৭/০৫/২০১৮খ্রি.


বিষয়: ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন ও স্বাক্ষর।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অত্যন্ত উদ্বিগ্নের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, বার বার নির্দেশনা দেয়া সত্ত্বেও কিছু কিছু আঞ্চলিক কার্যালয়, জেলা শিক্ষা অফিসারের কার্যালয় এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয় যথাযথ ভাবে এপিএ ক্যালেন্ডার অনুযায়ী বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন ও বাস্তবায়নের কার্যক্রম পরিচালনা করছেন না। যা ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং অত্র অধিদপ্তরের গোচরীভূত হয়েছে। বিষয়টি অনভিপ্রেত।

২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো –

১. প্রত্যেক আঞ্চলিক কার্যালয়ের পরিচালক এবং উপপরিচালকগণ আগামী ০৫/০৬/২০১৮খ্রি. তারিখের মধ্যে ২০১৮-১৯ অর্থবছরের এপিএ'র চূড়ান্ত খসড়া ই-মেইলে সফটকপি ashekulhoque@gmail.com ঠিকানায় এবং ডাকযোগে হার্ডকপি নিম্নস্বাক্ষরকারী (কক্ষ নং-৫২৯, ১ম ব্লক) বরাবর প্রেরণ করবেন।
২. জেলা শিক্ষা অফিসারের কার্যালয়সমূহ আগামী ০৫/০৬/২০১৮খ্রি. তারিখের মধ্যে ২০১৮-১৯ অর্থবছরের এপিএ'র চূড়ান্ত খসড়া (সফটকপি ও হার্ডকপি) আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবেন।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়সমূহ আগামী ০৫/০৬/২০১৮খ্রি. তারিখের মধ্যে ২০১৮-১৯ অর্থবছরের এপিএ'র চূড়ান্ত খসড়া (সফটকপি ও হার্ডকপি) জেলা শিক্ষা অফিসারের কার্যালয়ে প্রেরণ করবেন।
৪. অধীনস্থ কার্যালয় কর্তৃক দাখিলকৃত খসড়া'র উপর পরবর্তী ০২দিনের মধ্যে ফিডব্যাক দিবেন।
৫. প্রত্যেক কার্যালয় আবশ্যিকভাবে উর্ধ্বতন কার্যালয়ের সাথে ২০/০৬/২০১৮ এর পূর্বে চুক্তি স্বাক্ষর করবেন।
৬. ৯টি আঞ্চলিক কার্যালয়ের সাথে মাউশি অধিদপ্তরের চুক্তি ০৫/০৬/২০১৮ হতে ১১/০৬/২০১৮ তারিখের মধ্যে সুবিধাজনক সময়ে আনুষ্ঠানিকভাবে স্বাক্ষরিত হবে। নির্ধারিত তারিখ পরবর্তীতে জানানো হবে।
৭. প্রত্যেক কার্যালয় তাঁর সংশ্লিষ্ট উর্ধ্বতন এবং অধীনস্থ কার্যালয়ের এপিএ প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দায়ী থাকবেন।

যথাযথ কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে পত্র জারি করা হলো।


(আশেকুল হক)

সহকারী পরিচালক (এইচআরএম)
সদস্য সচিব
'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি' কমিটি
০১৭১১-৭০৪৭২৫

প্রয়োজনীয় কার্যার্থে :

১. পরিচালক, আঞ্চলিক কার্যালয় (সকল)
২. উপপরিচালক (মাধ্যমিক), আঞ্চলিক কার্যালয় (সকল)
৩. জেলা শিক্ষা অফিসার (সকল)
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)

বিতরণ: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (পত্রটি মাউশির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য
৩. অফিস কপি